## ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের জুলাই, ২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ **জনাব মোঃ আশরাফ উদ্দিন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ ঃ ১৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ।
সভার সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সকলের সহায়তায় যথাযথভাবে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের অনুমোদনের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। বর্ষা মৌসুমে গ্রামীণ রাস্তা ঘাটে লরী এবং ট্রাক্টর চলাচলের জন্য রাস্তার দু'পার্শ্বে বিশেষ করে পুকুরের পাড় ভেঙ্গে যাচ্ছে, ফলে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণকে বর্ণিত বিষয়ে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।<br>তিনি আরও জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপির কাজের সিডিউল বিক্রয়ের ২৪,০৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে কিন্তু দুটি পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ (৪১,৪০০+২২,০৬৬.২০)= ৬৩৪৬৬.২০/- টাকা দাখিল করা হয়েছে অর্থ্যাৎ সিডিউল বিক্রির টাকা হতে বিজ্ঞাপন বিল ৩৯,৪১৬.২০/- টাকা বেশি এসেছে। উক্ত অতিরিক্ত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধযোগ্য মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুন: নির্মান/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষনাবেক্ষণ উপখাতে বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নম্বর স্থাসবি/উপ-২/এম-৫/২০০৮/২১৮৫, তারিখ: ০২ মে ২০১১ খ্রিস্টাব্দ অনুযায়ী প্রতি বছর ৩০ সেপ্টেম্বরের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন দীর্ঘদিনের হওয়ায় জরাজীর্ণ হয়ে পড়েছে। বাসভবনটি সংস্কারের জন্য প্রয়োজনীয় অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাৎসরিক মেরামত খাতের বরাদ্দ হতে অধিক হবে বিধায় এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। একইসাথে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ১৯৮২ সালেরও পূর্বে নির্মিত বিধায় ভবনটির প্রাঙ্গন, বাউন্ডারী ওয়াল, ড্রেনেজ সিস্টেম অত্যন্ত নাজুক। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মেরামত খাত হতে বাস করার জন্য অবশ্য প্রয়োজনীয় সংস্কার করা হলেও তা সংস্কারের জন্য প্রয়োজনীয় চাহিদার তুলনায় অত্যন্ত নগন্য। তাই এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | ১। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানের প্রস্তাব প্রেরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ সর্বসাকুল্য (ভ্যাটসহ) ৬৩,৪৬৬.২০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনপূর্বক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নম্বর স্থাসবি/উপ-২/এম-৫/২০০৮/২১৮৫, তারিখ: ০২ মে ২০১১ খ্রিস্টাব্দ অনুযায়ী উপজেলা পরিষদ কমপ্লেক্সের মালিকানাধীন ভবনাদি নির্মাণ/পুন: নির্মান/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষনাবেক্ষণ উপখাতে বরাদ্দ প্রাপ্তির জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কারের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগঃ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, আমন ধানের বীজতলা প্রায় শেষ পর্যায়ে। আমন আবাদ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। আমন মৌসুমে যেন সারের সংকট না হয় সে লক্ষ্যে মৌসুমের শুরুতেই ডিলারদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রির লক্ষ্যে সকল ডিলারদেরকে সারের মূল্য সম্বলিত ব্যানার আবশ্যিকভাবে দোকানের সামনে দৃশ্যমান স্থানে স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নির্ধারিত মূল্যে যাতে সকল প্রকার সার ও বীজ বিক্রয় হয় সে বিষয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে মনিটরিং করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্যসেবার মান উন্নয়নের জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, গফরগাঁও। |
| ০৫ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ভ্যাকসিনেশন ও ডি ওয়ার্মিং ক্যাম্পেইন নিয়মিত চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সেবার মান উন্নয়নের জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, গফরগাঁও। |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। বর্তমান বর্ষাকাল প্রজনন মৌসুমে মা মাছ ও পোনা মাছ রক্ষার জন্য সচেতনতা তৈরী করা হচ্ছে। নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান পরিচালিত হচ্ছে। আগামী ১৮ হতে ২৪ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ পালিত হবে। তিনি সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। | ১। বর্ষাকাল প্রজনন মৌসুমে মা মাছ ও পোনা মাছ রক্ষা সর্ম্পকে মৎস্য চাষী এবং জেলে সম্প্রদায়কে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করবেন।<br>২। আগামী ১৮ হতে ২৪ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ পালনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। বিদ্যালয়সমূহে কার্যক্রম পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ সহকারি উপজেলা শিক্ষা অফিসার (সকল) |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, NTRCA কর্তৃক কলেজ, বিদ্যালয় ও মাদ্রাসা পর্যায়ে শূন্য পদের বিপরীতে শিক্ষক নিয়োগের জন্য শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে। UITRCE ভবনে ২০১৫-১৬ অর্থ বছরে ১০ ব্যাচে ২৪০জন এবং ২০১৬-১৭ অর্থ বছরে ২৬টি ব্যাচে ৬২৪জনসহ উদ্বোধনের পর থেকে এ যাবৎ ৮৬৪জন শিক্ষককে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের চাহিদার আলোকে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার তথ্য সংগ্রহের কাজ চলমান। SESIP থেকে ৫৬টি বিদ্যালয় এবং ৪৩টি মাদ্রাসার জন্য প্রাপ্ত Teaching Aid বিতরণের কাজ চলছে। ৪৬ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রিড়া প্রতিযোগিতা আগামী ২৩ জুলাই থেকে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে এবং ২৭ জুলাই থেকে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। শিক্ষার গুণগত ও পরিমাণগত মান বৃদ্ধির জন্য জে এস সি এবং জে ডি সি পরীক্ষার পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, পরিচালনা কমিটির সভাপতি, গণমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মতবিনিময় সভা করা প্রয়োজন। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক পর্যায়ে উপবৃত্তি বিতরণ কার্যক্রম Dutch Bangla Mobile Banking এর মাধ্যমে চলছে। তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগীতা কামনা করেন। | ১। শিক্ষার মান উন্নয়নে ও পাশের হার অব্যাহত রাখতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। শিক্ষার গুণগত ও পরিমাণ গত মান বৃদ্ধির জন্য জে এস সি এবং জে ডি সি পরীক্ষার পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, পরিচালনা কমিটির সভাপতি, গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মতবিনিময় সভা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। সরেজমিনে তদন্ত করে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জুন/২০১৭ মাসে মাঠ পর্যায়ে ৩৭৮১৯ চক্র খাবার বড়ি, ৫৩৪০৬ পিস কনডম, ২২৯৬ ডোজ ইনজেকশান, আই.ইউ.ডি ১২ জন, ৬৩ জনকে ইমপ্লান্ট, ০১ জনকে পুরুষ ও ০৩ জন মহিলাকে বন্ধ্যাকরন করা হয়েছে। মাঠ পর্যায়ে ৪টি মোবাইল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। উপজেলার সক্ষম দম্পতি ৮৬৭২৩ জন। পদ্ধতি গ্রহণকারী ৬৬৯৯৩ জন এবং উপজেলার সি.এ.আর ৭৭.২৮%। | নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রতিমাসের ভিজিডি নিয়মিতভাবে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। ২০১৬-১৭ অর্থবছরে প্রতি ইউনিয়নে ৭৯জন করে মাতৃত্বকাল ভাতাভোগী নির্বাচিত হয়েছে, তাদের ব্যাংক একাউন্ট করা হয়েছে। ১৫টি ইউনিয়নের মধ্যে চরআলগী, রাওনা, গফরগাঁও, যশরা পাইথল, সালটিয়া মাতৃত্বকাল ভাতাভোগীর একাউন্ট করা সম্পন্ন হয়েছে কিন্তু এখন বাকী রয়েছে ৯টি ইউনিয়ন। উক্ত একাউন্ট খোলা না হলে ঈদের পূর্বে ভাতা ভোগীরা ভাতা পাবে না। উক্ত ভাতা ভোগীদের ১ বছরের অর্থ বরাদ্দ ব্যাংকে চলে এসেছে। যে সকল ইউনিয়নের ব্যাংক একাউন্ট সম্পন্ন হয়নি তাদেরকে আগামী ৭ কর্ম দিবসের মধ্যে একাউন্ট খোলার কাজ শেষ করার জন্য অনুরোধ করা হয়। | ১। প্রতিমাসের ভিজিডি নিয়মিতভাবে প্রতি মাসেই বিতরন করতে হবে এবং উপকারভোগীর সঞ্চয়ের ২০০ টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত সঞ্চয়ের টাকা মুনাফাসহ ফেরতযোগ্য, বিষয়টি উপকার ভোগীদের জানাতে হবে।<br>২। সকল ইউনিয়নের মাতৃত্বকাল ভাতা ভোগীর ব্যাংক একাউন্ট আগামী ৭ কর্ম দিবসের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার/ ইউপি চেয়ারম্যান(সকল) |

<table>
<tr><td>১১</td><td><u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০১৬-১৭ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার (টিআর), কাবিটা (সাধারণ) ও নির্বাচনী ২য় পর্যায়ের বরাদ্দ সমূহের কাজ এবং ব্রীজ, ইজিপিপি কর্মসূচীর কাজও ইতিমধ্যে ৮০% শেষ হয়েছে। অবশিষ্ট কাজ আগামী কয়েকদিনের মধ্যে সমাপ্ত হবে। সোলার প্যানেল স্থাপন কর্মসূচীর বাস্তবায়ন চুক্তিপত্র IDCOL এর পার্টনার অর্গানাইজেশন CMES এর সংস্থার সাথে সম্পন্ন হয়েছে।</td><td>১। নির্ধারিত সময়ের মধ্যে ইজিপিপি, টিআর, কাবিটা এর কাজ সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>২। সোলার প্যানেল সঠিকভাবে স্থাপনের বিষয়ে নিয়মিত মনিটরিং করতে হবে এবং অনুমোদিত তালিকা অনুযায়ী সোলার প্যানেল স্থাপনে সকলকে সহযোগিতা করতে হবে।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা সমবায় বিভাগঃ</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কার্যকর সমবায় সমিতিগুলো নিয়মিত পরির্দশন, তদন্ত, অডিট, ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অকার্যকর সমবায় সমিতিগুলোর নিবন্ধন বাতিলের জন্য তালিকা কর্তৃপক্ষের বরাবর দাখিল করা হয়েছে। পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোর মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। আশ্রয়ন প্রকল্পে কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>কার্যকর সমবায় সমিতিগুলো নিয়মিত পরির্দশন, তদন্ত, অডিট, ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোর মনিটরিং অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার/সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>১৩</td><td><u>বিআরডিবিঃ</u><br><u>০১। মূল কর্মসূচিঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া চলতি ২০১৬-১৭ অর্থ বছরে কৃষক সমবায় সমিতিতে শস্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০.০০ লক্ষ টাকা এবং মহিলা উন্নয়ন অনুবিভাগে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৫.০০ লক্ষ টাকা। উক্ত ঋণ যথাসময়ে বিতরণ করা হবে। ঋণ আদায় সন্তোষজনক।<br><u>০২। পল্লী জীবিকায়ন প্রকল্প(পজীপ)ঃ</u> উপজেলা প্রকল্প কর্মকর্তা এর সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ</th><th>কার্যক্রম</th><th>জুন/১৭</th><th>চলতি বৎসর</th><th>ক্রমবর্ধিত</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>০১টি</td><td>২৩টি</td><td>৮৩ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>২৮ জন</td><td>৫৪০জন</td><td>১,৮৯২ জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার জমা</td><td>১২,০০০/-</td><td>১,২৬,০০০/-</td><td>৩,১৮,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় জমা</td><td>১,০০,০০০/-</td><td>১২,৬১,০০০/-</td><td>২২,৩০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১৩.৭৪ লক্ষ টাকা</td><td>১০৬.৭৯ লক্ষ টাকা</td><td>২৩০.৯২ লক্ষ টাকা</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>৮.৫৭ লক্ষ টাকা</td><td>৮৮.১১ লক্ষ টাকা</td><td>১৭৭.৩৮ লক্ষ টাকা</td></tr>
<tr><td>৭</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td>৩৫২জন</td><td>১২১১ জন</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>৩) <u>একটি বাড়ি একটি খামারঃ</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, এ প্রকল্পের (৩য় সংশোধিত) ৪৭টি সমিতির মাঝে সরকারি গ্রেন্টস/অনুদান ১.৫ লক্ষ টাকা করে মোট (৪৭×১.৫)= ৭০.৫০ লক্ষ টাকা এবং ১৯০০ সদস্যের ২.৩৯ লক্ষ টাকা সঞ্চয়ের বিপরীতে ২.৩৯ লক্ষ টাকা অনুদান পাওয়া গেছে। ৩য় সংশোধিত প্রকল্পের আওতায় গফরগাঁও উপজেলায় মোট ১১৮.৩৮ লক্ষ টাকা সঞ্চিত হয়েছে। চলতি মাস হতে সদস্যেদের মাঝে ঋণ কার্যক্রম শুরু করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সঠিকভাবে ঋণ বিতরণ ও বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/উপজেলা প্রকল্প কর্মকর্তা/ উপজেলা সমন্বয়কারী</td></tr>
<tr><td>১৪</td><td><u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদার কল্পে মাননীয় প্রধানমন্ত্রীর নেয়া সকল উদ্যোগ, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধি ভাতা বাস্তবায়নের জন্য ২০১৬-১৭ অর্থ বছরের ভাতাসমূহ প্রকৃত উপকার ভোগীদের নামের তালিকা সকল ইউপি চেয়ারম্যানগণ দাখিল করেছেন। আগামী ১৭ জুলাই ২০১৭ তারিখে ভাতা বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে।</td><td>বয়স্ক, বিধবা, অস্বচ্ছল, প্রতিবন্ধি ভাতা ভোগীরা যেন নিয়মিত ভাবে ভাতা পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১৫</td><td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে উন্নয়ন খাতে ১২টি ব্যাচের প্রশিক্ষণ এবং রাজস্ব খাতের ০৪টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ঋণ কার্যক্রম চলমান এবং আদায় সন্তোষজনক। আশ্রয়ন ০২টি ব্যাচের প্রশিক্ষণ চলমান, অচিরেই সম্পন্ন হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।</td><td>১। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে।<br>২। আশ্রয়ন প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় অগভীর ও গভীর নলকূপ স্থাপন কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৭ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ**<br>**এজিএম,** পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন সরকারি বেসরকারি অফিস সমূহে এখনো বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ জানান। তাছাড়া অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান চলমান রয়েছে। ২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে মাইকিংসহ অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | লোডশেডিং যাতে সহনীয় থাকে সে দিকে লক্ষ্য রাখতে হবে। | ডি,জি,এম পল্লী বিদ্যুৎ |
| ১৮ | **উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি)ঃ** অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | সভায় উপস্থিত থাকার জন্য নির্বাহী প্রকৌশলী (পিডিবি) কে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ১৯ | **উপজেলা খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলার **১৫টি** ইউনিয়নের **১৩টি** ইউনিয়নে ও পৌরসভায় ভিজিএফ এর গম সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। বৈরী আবহাওয়ার জন্য নিগুয়ারী ও টাংগাব ইউনিয়নের ভিজিএফ বিতরণ সম্ভব হয়নি। আগামী ২/৩ দিনের মধ্যে নিগুয়ারী ও টাংগাব ইউনিয়নের ভিজিএফ বিতরণ কাজ সম্পন্ন করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ট্যাগ অফিসারের উপস্থিতিতে সুষ্ঠুভাবে ভিজিএফ বিতরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপিঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আনসার সদস্যগণ এ উপজেলায় সন্ত্রাস, জঙ্গীবাদ, ইভটিজিং, মাদক নিয়ন্ত্রণ এবং বাল্য বিবাহ রোধে সর্বদা তৎপর রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আনসার সদস্যগণ সর্বদা মাদক, বাল্যবিবাহ, ইভটিজিং ও জঙ্গীবাদ প্রতিরোধের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী কাজ করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২২ | ০১। চেয়ারম্যান, গফরগাঁও ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ২বছর যাবৎ ৩নং ও ৪নং ওয়ার্ডের গ্রাম পুলিশ (মহল্লাদার) পদ শূন্য রয়েছে। শূন্য পদের নিয়োগ কার্যক্রম সমাপ্ত হলে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা সহজ হবে। নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।<br>০২। চেয়ারম্যান, চরআলগী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ২বছর যাবৎ ৭নং ও ৮নং ওয়ার্ডের গ্রাম পুলিশ (মহল্লাদার) পদ শূন্য রয়েছে। শূন্য পদের নিয়োগ কার্যক্রম সমাপ্ত হলে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা সহজ হবে। নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |

**বিবিধ আলোচনাঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ চেয়ারম্যান এঁর গোপনীয় সহকারী সভায় জানান যে, উপজেলা পরিষদ এর বিদ্যুৎ সার্ভিস লাইন নষ্ট হওয়ায় পরিষদের কার্যক্রম স্বাভাবিক রাখতে জরুরীভাবে নতুন বিদ্যুৎ সার্ভিস লাইন সংযোগ করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্সিং এর জন্য ডিস ক্যাবল ক্রয় করা হয়। উক্ত ক্রয় বাবদ ১৩,০০০/- টাকা ব্যয় হয়। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার অনুরোধ জানান। | উপজেলা পরিষদ এর বিদ্যুৎ সার্ভিস লাইন নতুন সংযোগ এবং ডিস ক্যাবল ক্রয় বাবদ ১৩,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনপূর্বক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান এঁর গোপনীয় সহকারী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের কম্পিউটার মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ আনুমানিক ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুরোধ জানান। | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের কম্পিউটার মেরামত বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রং করা হলেও অবশ্য প্রয়োজনীয় সংস্কার/মেরামত প্রয়োজন। বর্তমান বর্ষাকালে ভবনটি বাসযোগ্য করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা পরিষদ চেয়ারম্যান এঁর গোপনীয় সহকারী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়ের টেলিফোন বিল সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং বর্তমানে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নামে বিল দাখিল হচ্ছে বিধায় টেলিফোন লাইনের নাম সংশোধন করে উপজেলা পরিষদের নামে বিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়ের টেলিফোন বিল ৩ মার্চ ২০১৩ হইতে ৩ এপ্রিল ২০১৭ মোট ৫০ মাস ২১ দিনের বিল বাবদ= ২৪,৭১১/- টাকা দাখিল করেছেন। সরকারি বিল পরিশোধযোগ্য। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়ের টেলিফোন লাইনের নাম সংশোধন করার বিষয়ে বিটিসিএল, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়ের টেলিফোন বিল বাবদ= ২৪,৭১১/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির উদেশ্যে প্রশিক্ষণ আয়োজনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের (উপজেলা-১ শাখা) ১৪ জুন ২০১৭ তারিখের ৭৭৩ নম্বর স্মারকমূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- টাকা ব্যয়ের অনুমতি রয়েছে। | উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির উদেশ্যে প্রশিক্ষণ আয়োজন বাবদ ৩০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.১৭-৬৮৯/১(৬০)
তারিখঃ ১৩ জুলাই ২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা /উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে)

১। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
৩। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, .......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
৫। জনাব ...................................................................................................................।
৬। অফিস কপি।

স্বাক্ষরিত/-
(ডা. শামীম রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।